



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১৩৩০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৭.২১.০০৭.২০০৩- ৫৬০

তারিখঃ ১০/১০ অক্টোবর ২০১৭ খ্রিঃ।

বরাবর

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, সিলেট।

বিষয়ঃ সিলেট অঞ্চলের জমি জমা সংক্রান্ত মামলা পরিচালনার জন্য নিয়োগকৃত আইনজীবীর নিয়োগ বাতিল করা প্রসঙ্গে

সূত্রঃ আপনার স্মারক নং-২৩৪ তারিখঃ ১৭/১০/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট অঞ্চলের ফেঞ্চুগঞ্জ উপজেলার মাইজগাঁও এবং হবিগঞ্জ জেলার আজমিরিগঞ্জ উপজেলার আজমিরিগঞ্জ এবং সানবাড়ী মৌজায় আজমিরিগঞ্জ গুদাম ও সন্নীপুর মৌজায় অবস্থিত বিএডিসি'র নামে রেকর্ড করার জন্য ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে মামলাগুলো পরিচালনার জন্য স্থানীয় আইনজীবী হিসাবে জনাব প্রবীর ভট্টাচার্য্যকে বিগত ৩১/১২/২০১৪ তারিখে ৯৮০ ও ৯৮১ স্মারক মূলে মনোনয়ন প্রদান করা হয়েছিল। তিনি অদ্যাবধি মামলার কোন কার্যক্রম গ্রহণ করেননি। বিষয়, নিম্নবর্ণিত বিষয়গুলি উল্লেখপূর্বক আগামি ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ১টি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১. আইনজীবী আবেদন নং ১০/১০/১৭

২. সিলেট অঞ্চলের জমি জমা সংক্রান্ত মামলা পরিচালনার জন্য নিয়োগকৃত আইনজীবীর নিয়োগ বাতিল করা

৩. নতুন আইনজীবী মামলা পরিচালনা করতে সম্মত আছেন মর্মে সম্মতিপত্র প্রদান।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ-

- ১। প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ২। অফিস কপি।